রাজ্যসভায় বক্তব্য রাখলেন ঋতব্রত। তিনি বলেন, স্কুল থেকে খেলাকে বাধ্যতামূলক করতে। আর তিন প্রধানকে মাঠের মালিকানা দেওয়া হোক।

মাঠে - ময়দানে

আবর্জনা দিয়ে তৈরি হচ্ছে রিয়ালের জার্সি। এই বিশেষ জার্সি তৈরি হয়েছে সমুদ্রের ভাসমান প্লাস্টিক থেকে।

ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগের অভিযান ম্যাচে জিতল ত্রিনবাগো নাইট রাইডার্স

ত্রিনিদাদ, ৯ আগস্ট: ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগের অভিযান ম্যাচে সেন্ট লুসিয়া স্টারর্সকে ১০০ রানে হারালো ত্রিনবাগো নাইট রাইডার্স। এদিন টস জিতে প্রথমে ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নেন সেন্ট লুসিয়ার অধিনায়ক কায়রন পোলার্ড। প্রথমে ব্যাট করে ত্রিনবাগো নাইট রাইডার্সের সংগ্রহ ৬ উইকেটে ১৯৫ রান। দলের হয়ে সর্বোচ্চ রান করেন কলিন মুনরো। তাঁর সংগ্রহ ৪৮ বলে ৬৮ রান। মুনরোরর ইনিংসটি সাজানো ছিল ৯টি বাউন্ডারি ও ১টি ওভারবাউন্ডারির সাহায্যে। দীনেশ রামদিন ২টি বাউন্ডারি ও ৪টি ওভারবাউন্ডারির সাহায্যে করেন ২৭ বলে ৫০ রান। তবে এদিন ব্যাট হাতে সেরকম ঝড় তুলতে পারেননি কলকাতা নাইট রাইডার্সের হয়ে ব্যাট হাতে চমক দেখানো সুনীল নারিন। দুটি বাউন্ডারি ও ১টি ওভারবাউন্ডারির সাহায্যে তিনি করেন ১৩ বলে ১৭ রান। ১১ বলে ১৭ রান করেন অধিনায়ক ডোয়েন ব্র্যাভো। সেন্ট লুসিয়া স্টারর্সের হয়ে দুটি করে উইকেট পান মিচেল ম্যাকক্লেনাঘান, কেসরিক উইলিয়ামস ও কায়রন পোলার্ড। জবাবে রান তারা করতে নেমে ১৭.৩ ওভারে মাত্র ৯৫ রানেই শেষ হয়ে যায় সেন্ট লুসিয়া স্টারর্সের ইনিংস। দলের মাত্র তিনজন ব্যাটসম্যান দুই অঙ্কের রানে পৌঁছয়। আন্দ্রে ফ্লেচার সর্বোচ্চ ১১ বলে ১৯ রান করেন। কোয়াইস আহমেদ করেন ১৫ বলে ১৪ এবং কায়রন পোলার্ড করেন ২৭ বলে ১২ রান। অস্ট্রেলিয়ার তারকা ব্যাটসম্যান ডেভিড ওয়ার্নার এদিন ব্যাট হাতে পুরোপুরি ব্যর্থ। ৯ বলে মাত্র ৯ রান করে আউট হন তিনি। ত্রিনবাগো নাইট রাইডার্সের হয়ে ৩টি করে উইকেট নেন অধিনায়ক ডোয়েন ব্র্যাভো ও ফাওয়াদ আহমেদ। ৩ ওভারে ১১ রান দিয়ে তিন উইকেট নেন ব্র্যাভো। ৪ ওভারে ১৬ রান দিয়ে তিন উইকেটে সংগ্রহ করেন ফাওয়াদ আহমেদ। একটি করে উইকেট পান আলি খান, শ্যানন গ্যাব্রিয়েল, সুনীল নারিন এবং জেভন সিয়্যারলেস। ৬৮ রানের সৌজন্যে ম্যাচের সেরা হন কলিন মুনরো। ত্রিনবাগো নাইট রাইডার্স তাদের পরবর্তী ম্যাচ খেলবে আগামী ১০ আগস্ট জামাইকা তালাওয়াসের বিরুদ্ধে। আর সেন্ট লুসিয়া স্টারর্সের পরবর্তী ম্যাচ আগামী ১২ আগস্ট গায়ানা অ্যামাজন ওয়ারিওর্সের বিরুদ্ধে।

হাসান আলির হাতে একদিনের সেরা খেলোয়াড়ের পুরস্কার তুলে দিচ্ছে শাহিদ আফ্রিদি।

তরুণ তুর্কিদের ওপর সমর্থকদের ভরসা রাখতে অনুরোধ সুভাষের

স্টাফ রিপোর্টার : ১৯৭০ থেকে ১৯৭৫ টানা ৬ বার কলকাতা লিগ খেতাব জয় করে মহমেডানের রেকর্ড ভেঙে দিয়েছিল ইস্টবেঙ্গল। এরপর নিজেদের গড়া রেকর্ড নিজেরাই ভেঙেছিল ইস্টবেঙ্গল। ২০১০ থেকে ২০১৭ টানা আট বার লিগ খেতাব জয় করে নতুন রেকর্ড লাল-হলুদ শিবিরে। এবার লক্ষ্য টানা নবম বার কলকাতা লিগ খেতাব ঘরে তোলা। কলকাতা লিগ অভিযানে টালিগঞ্জ অগ্রগামীর বিরুদ্ধে বৃষ্টিতে ম্যাচ পরিত্যক্ত হয়েছিল। এরপর দ্বিতীয় ম্যাচে পুলিশের ব্যারিকেড ভেঙে ৩ পয়েন্ট সংগ্রহ করেছিল ইস্টবেঙ্গল। এবার সামনে কাস্টমস।

তৃতীয় ম্যাচে কাস্টমসের চেক পোস্ট এড়িয়ে জয়ের ধারা বজায় রাখাই লক্ষ্য লাল-হলুদ টিউি সুভাষ ভৌমিকের। তবে পুলিশ ম্যাচের মতো কাস্টমস ম্যাচেও এক বিদেশি কাশিমকে নিয়েই মাঠে নামার লক্ষ্য লাল-হলুদ টিউির। তবে কাস্টমস ম্যাচে কোচ্চাটরিকার বিশ্বকাপার অ্যাকোস্টার সার্ভিস পাবেনা ইস্টবেঙ্গল। এমনকি প্রথম একাদশে থাকবেন না সিরিয়ার মিডফিল্ডার আল আমনা। তবে প্রয়োজনে আমনাকে মাঠে নামারও পরিকল্পনা রয়েছে সুভাষের।

কাস্টমসের চেকপোস্ট এড়িয়ে ৩ পয়েন্ট ঘরে তোলার ম্যাচে লাল-হলুদ শিবিরের ভরসা রক্ষিত দাগার, কিংশুক দেবনাথ, বালি গগনদীপ সিং, লালরিন রালতে ডিকা। একঝাঁক তরুণ তুর্কিকে নিয়েই কাস্টমসের বিরুদ্ধে ৩ পয়েন্ট লক্ষ্য সুভাষের। তাই তরুণ তুর্কিদের ওপর সমর্থকদের ভরসা রাখতে অনুরোধ সুভাষের।

চেলসির দামি গোলকিপার কেপা আরিজাবাগ

মাদ্রিদ, ৯ আগস্ট : দলবদলের বাজারে চেলসি থেকে রিয়াল মাদ্রিদে পা রেখেছেন থিবো কোর্তোয়া। এই বেলজিয়াম গোলকিপারকে হাতাছাড়া করার খবর প্রকাশ্যে আসার সঙ্গে সঙ্গেই চেলসির তরফ থেকে জানানো হয়েছে তাদের ক্লাবে নতুন গোলকিপার কেপা আরিজাবাগাকে সই করিয়েছে। কেপাকে রেকর্ড মূল্যে কিনেছে ইংলিশ প্রিমিয়ার লিগের অন্যতম সেরা এই দলটি। ৮০ মিলিয়ন ইউরোকে কেপাকে নিজেদের ঘরে তুলেছে তারা। আর এরই মাধ্যমে চেলসির ফুটবল ইতিহাসে সবথেকে দামি গোলকিপার হলেন এই ২৩ বছর বয়সী স্প্যানিশ তারকা কেপা। ৮০ মিলিয়ন ইউরো দিয়ে আগামী ৭ বছরের জন্য চেলসির জার্সিতেই খেলতে দেখা যাবে তাঁকে। প্রসঙ্গত থিবো কোর্তোয়া চেলসির সঙ্গে তাঁর এক বছরের চুক্তি বাকি থাকতেই রিয়াল মাদ্রিদে যোগ দিলেন। তিনি আসলে তাঁর পরিবারের কাছাকাছি থাকার জন্য স্পেনের রাজধানী মাদ্রিদে থাকতে চেয়েছেন। আর তাই এখন রিয়াল মাদ্রিদের সদস্য কোর্তোয়া। অন্যদিকে সদ্য চেলসিতে যোগ দেওয়া কেপা আরিজাবাগাকে নিয়ে যথেষ্ট আশাবাদী চেলসির কর্তারা।

মহমেডান কোচ রঘু নন্দীর ভাবনায় এখন রেনবো এফসি ম্যাচ

স্টাফ রিপোর্টার : কলকাতা লিগ খেতাব মহমেডান শেষবার জয় করেছিল ১৯৮১-র মরশুমে। এরপর গঙ্গা থেকে বহু জল গড়ালেও লিগ খেতাব অধরা থেকেছে রেড রোডের ধারে অবস্থিত শতাব্দী প্রাচীন ক্লাব মহমেডানের। তাই এবার নতুন কোচ রঘু নন্দীর হাত ধরে কলকাতা লিগ খেতাব জয়ের স্বপ্ন দেখা শুরু করেছিল সাদা-কালো শিবির। প্রথম ম্যাচে এফসিআইয়ের বিরুদ্ধে জয় পেলেও দ্বিতীয় ম্যাচেই ছন্দপতন সাদা-কালো শিবিরের। এরিয়ানের কাছে হার ১-০ গোলে। তবু এতটুকু হতাশ হতে রাজি নন মহমেডান কোচ রঘু নন্দী। বরং শনিবার বারাসত স্টেডিয়ামে রেনবো বিরুদ্ধে জয়ের সরণিতে ফেরাই লক্ষ্য সাদা-কালো শিবিরের কোচের। প্রথম দু'টি ম্যাচের মতো তৃতীয় ম্যাচেও মহমেডান নিজেদের মাঠে নয়, খেলবে বারাসত স্টেডিয়ামে। আসলে বৃষ্টিতে মহমেডানের হাল বেশ খারাপ। তাই কোনও ঝুঁকি নিতে রাজি নন সাদা-কালো

শিবিরের কর্তারা। এরিয়ান ম্যাচ হারালেও ফুটবলারদের দোষারোপ করতে রাজি নন রঘু। ম্যারাথন লিগে একটি কিংবা দু'টি ম্যাচে পয়েন্ট হারাতেই পারে দল। তা নিয়ে অহেতুক চিন্তা করতে রাজি নন রঘু। তাঁর ভাবনায় এখন শুধুই রেনবো এফসি।

গ্রেফতার বেন স্টোকস

লন্ডন, ৯ আগস্ট: এক ম্যাচ আগেও তিনি ছিলেন জাতীয় দলের নায়ক। কিন্তু পাঁচদিনের ব্যবধানে তিনি হয়ে গেলেন খলনায়ক। লর্ডস টেস্ট থেকে আগে সরে দাঁড়িয়েছিলেন এজবাস্টন টেস্টে ইংল্যান্ডের জয়ের অন্যতম কারিগর। কিন্তু লর্ডস টেস্ট শুরুর দিনেই তাঁর হাতে পুলিশের হাতকড়া উঠবে এমনটা স্বপ্নেও ভাবেননি ইংরেজ অল-রাউন্ডার। ইংল্যান্ডের ক্রিকেটের ইতিহাসে এই ঘটনা প্রথম। জাতীয় দলে খেলাকালীন কোনও ক্রিকেটারের হাতে হাতকড়া লাগানো ছবি প্রকাশ করে পুলিশ। ব্রিস্টল নাইটক্লাবে মারপিঠ কাণ্ডে দোষী সাব্যস্ত হলেন ইংল্যান্ড অল-রাউন্ডার বেন স্টোকস। বৃস্পতিবার তাঁকে গ্রেফতার করে পুলিশ। গত ২৫ সেপ্টেম্বর নাইটক্লাবের বাইরে দু'জন লোকের সঙ্গে হাতাহাতি হয় স্টোকসের। ব্রিস্টল ক্রাউন কোর্টের আগে অপর দুই অভিযুক্ত রায়ান আলি ও রায়ান হলের বক্তব্য শুনেছিল। বুধবার আদালতে হাজির হয়েছিলেন ৬ ফুট ২ ইঞ্চির ইংল্যান্ড ক্রিকেটার এবং অন্য দুই অভিযুক্ত। বৃহস্পতিবার চতুর্থ শুনানির পর আলি ও হলকে নির্দোষ ঘোষণা করেন জর্জ। আর দোষী সাব্যস্ত হন স্টোকস। চতুর্থদিনের শুনানিতে নিজের পক্ষে প্রমাণ পেশ করেছিলেন তারকা ক্রিকেটার। কিন্তু ২৭ বছরের ইংল্যান্ড অলরাউন্ডারকে প্রধান আক্রমণকারী হিসাবে চিহ্নিত করে আদালত। এর আগে আদালত স্টোকসের সঙ্গে দুই বন্ধু কাই ব্যারি ও উইলিয়ান ও'কর্ণারের বক্তব্যও শুনেছিল। পরে সিসিটিভি ফুটেজ দেখে রায় দেন বিচারক। যেখানে দেখা যায় রাস্তায় ফেলে আলি ও হলকে মারছেন স্টোকস। ফলে নিজেকে নির্দোষ প্রমাণ করার চেষ্টা করেও সফল হননি ইংল্যান্ড অল-রাউন্ডার। এজবাস্টন টেস্টে বিরাট কোহলিকে আউট করে রুটবাহিনীকে জয় এনে দিয়েছিলেন স্টোকস। আদালতে শুনানির জন্য লর্ডসে সিরিজের দ্বিতীয় টেস্টের দলে নেই স্টোকস। তবে আদালতে দোষী সাব্যস্ত হওয়ায় সিরিজের বাকি টেস্ট গুলিতেও স্টোকসের খেলা নিয়ে ধোঁয়াশা তৈরি হল।

কোর্টে নামলেন সাত মাসের অন্তঃস্বত্তা সানিয়া

হায়দরাবাদ, ৯ আগস্ট : নিজে সাত মাসের অন্তঃস্বত্তা। তাও টেনিস র‍্যাকেট হাতে কোর্টে নেমে পড়লেন হায়দরাবাদি টেনিস তারকা সানিয়া মির্জা। দীর্ঘদিন তিনি কোর্ট থেকে দূরে ছিলেন। কিন্তু আর থাকতে পারলেন না। কোর্ট ও র‍্যাকেটের হাতছানি উপেক্ষা করতে পারলেন না ভারতের টেনিস সুন্দরী। অক্টোবরে মা হতে চলেছেন তিনি। তাঁর আগে তাঁকে দেখা গেল টেনিস র‍্যাকেট হাতে কোর্টে বল মারতে। বোন আনম মির্জার সঙ্গে রীতিমতো টেনিস খেললেন তিনি। এবার পুজোয় সানিয়া-শোয়েবের ঘরে আসতে চলেছে নতুন অতিথি। সাত মাসের অন্তঃস্বত্তা বেশিরভাগ মহিলারা যখন বিশ্রামে থাকেন, তখন ভারতীয় টেনিস সুন্দরী নেমে পড়লেন র‍্যাকেট হাতে।

এক ম্যাচে বায়ার্ন মিউনিখের ২০ গোল

রোটাচ-এগার্ন, ৯ আগস্ট : নতুন মরশুম শুরু হওয়ার আগে নিজেদের আত্মবিশ্বাস বাড়িয়ে নেওয়ার এর থেকে ভাল সুযোগ হয়তো আর আসতো না বায়ার্ন মিউনিখের সামনে।

আর সেই চিন্তাকে মাথায় রেখে প্রাক মরশুম শেষ প্রস্তুতি ম্যাচে অপেশাদার ক্লাব রোটাচ-এগার্নকে ২০-২ গোলে উড়িয়ে দিল জার্মান চ্যাম্পিয়নরা। ডিএফএল-সুপারকাপে তিনদিন পর এইনট্রাচ ফ্রাঙ্কফুর্টের বিরুদ্ধে খেলতে নামবে নিকো কোভাচের

দল। সেই ম্যাচের আগে রোটাচ-এগার্নের বিরুদ্ধে বড় ব্যবধানে জয় পেয়ে বায়ার্ন যে অনেকটাই ছন্দে রইল সেটা বলার অপেক্ষা রাখে না। এই ম্যাচে কিংসলে কোম্যান, রবার্ট লেওভস্কি, সান্দ্রো ওয়াগনার এবং ম্যাক্সিমিলিয়ান ফ্ল্যাংকে প্রত্যেকেই হ্যাটট্রিক করেছেন। আর টমাস মুলার ও হামেস রড্রিগেজ করেন দুটি করে গোল।

প্রকাশক: পার্থ কুণ্ডু, কর্তৃক ৩, বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র সরণি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, যাদুভিটা, মিলন মোড়, শিলিগুড়ি-৭৩৪০০৩ থেকে মুদ্রিত ● স্বত্বাধিকারী : আশিস্ লাহা ● মুখ্য সম্পাদক : কমল ভট্টাচার্য
সম্পাদক : আশিস্ লাহা